মোঃ আনোয়ার হোসেন,উপজেলা সমবায় অফিসার, সুবর্ণচর,নোয়াখালী কর্তৃক
রূপালী সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ এর পরিদর্শন প্রতিবেদন।

১. সমিতির নাম : রূপালী সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ।

২. সমিতির ঠিকানা : গ্রাম/মোকাম- চর মজিদ (ভূইয়ার হাট), ডাকঘরঃ- আনছার মিয়ার হাট। উপজেলাঃ সুবর্ণচর, জেলাঃ নোয়াখালী।

৩. সমিতির রেজিঃ নং- তারিখ : রেজিঃ নং- ১০৬/১২(নোয়া), তারিখ :- ১২/০৬/২০১২ খ্রিঃ।

৪. সমিতির সভ্য নির্বাচনী এলাকা : নোয়াখালী জেলাধীন সুবর্ণচর উপজেলার মধ্যে সীমাবদ্ধ।

৫. ব্যবস্থাপনা কমিটির সদস্যদের নাম, পদবী ও নির্বাচনের তারিখ :

| ক্রমিক নং | নাম | পদবী | নির্বাচনের তারিখ |
|---|---|---|---|
| ০১ | জনাব জাকির হোসেন | সভাপতি | ১০-০৬-২০১৯ খ্রিঃ |
| ০২ | জনাব কানাই লাল দে | সহ-সভাপতি | ঐ |
| ০৩ | জনাব জসিম উদ্দিন | সম্পাদক | ঐ |
| ০৪ | জনাব নিজাম উদ্দিন (১) | সদস্য | ঐ |
| ০৫ | জনাব জসিম উদ্দিন | সদস্য | ঐ |
| ০৬ | জনাব শুভংকর চন্দ্র নাথ | সদস্য | ঐ |
| ০৭ | জনাব জসিম উদ্দিন (২) | সদস্য | ঐ |
| ০৮ | জনাব মোঃ বেলাল | সদস্য | ঐ |
| ০৯ | জনাব মোঃ জাফর উল্যাহ | সদস্য | ঐ |

৬. সমিতির নির্বাচন অনুষ্ঠানের তারিখ : ১০/০৬/২০১৯ খ্রি.।

৭. নির্বাচিত কমিটির ১ম সভা তারিখ : ১০/০৬/২০১৯ খ্রি.

৮. বিশেষ সাধারণ সভা তারিখ : ১০/০৬/২০১৯ খ্রি.

৯. সদস্য সংখ্যা : ১০৬ জন।

১০. সমিতির বিগত অডিট অফিসারের নাম ও পদবী : জনাব মোঃ নুর নবী,সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় কার্যালয়,সুবর্ণচর, নোয়াখালী।

১১. সমিতির বিগত অডিট সম্পাদনের তারিখ : ০৮/০৩/২০২১ খ্রিঃ।

১২. সমিতি পরিদর্শন কর্মকর্তার নাম ও পদবী : মোঃ আনোয়ার হোসেন,উপজেলা সমবায় অফিসার সুবর্ণচর, নোয়াখালী।

১৩. পরিদর্শনের তারিখ : ২২/০৮/২০২১ খ্রিঃ।

১৪. আদায়কৃত শেয়ার মূলধন : ৪১০০০/- টাকা।

১৫. আদায়কৃত মাসিক সঞ্চয় আমানতের পরিমাণ : ৪৭১০০০/- টাকা।

১৬. দৈনিক সঞ্চয় তহবিল : ৫৫০০০০ /- টাকা।

১৭. বিশেষ সঞ্চয় তহবিল : ৭৫০০০/- টাকা।

# পরিদর্শন মন্তব্য

অদ্য ২২/০৮/২০২১ খ্রিঃ তারিখে রূপালী সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ পরিদর্শন করি।

৪. সমিতির উপ-আইন-

সমিতির নিবন্ধিত উপ-আইন সমিতিতে সংরক্ষিত আছে। উপ-আইনে বর্ণিত উদ্দেশ্য সমূহ বাস্তবায়ন করার জন্য পরামর্শ দেয়া হল।

৫. সদস্য সংখ্যাঃ

সমিতির মোট সদস্য সংখ্যা ৩০/০৬/২০২০ খ্রি. তারিখ পর্যন্ত ১০৬ জন দেখা যায়। সমবায়ে আগ্রহী ও এলাকার যোগ্যতা সম্পন্ন ব্যক্তিবর্গকে সমিতিতে সদস্যভুক্ত করার এবং সভ্য তালিকা বহি যথাযথভাবে সংরক্ষণ করার পরামর্শ দেয়া হল।

৬. ব্যবস্থপনা পরিষদঃ

০৯ (নয়) সদস্য বিশিষ্ট ০১টি ব্যবস্থাপনা কমিটির উপর অত্র সমিতির কার্যভার ন্যস্ত। তাঁদের নাম ও পদবী পরিদর্শন প্রতিবেদনের ০৫ নং ক্রমিকে বর্ণিত হয়েছে। তাঁরা বিগত ১০/০৬/২০১৯ খ্রি. তারিখে অনুষ্ঠিত নির্বাচনে নির্বাচিত হয়ে একই তারিখে প্রথম সভা অনুষ্ঠানের মাধ্যমে দায়িত্বভার গ্রহণ করেন। সমিতির সর্বশেষ বিশেষ সভা বিগত ১০/০৬/২০১৯ খ্রি. তারিখে অনুষ্ঠিত হয়েছে। পরিদর্শনকালীন সময় পর্যন্ত সমিতিতে ০৩ টি ব্যবস্থাপনা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। সমবায় সমিতি বিধিমালা/২০০৪ এর ৪২(২) মতে প্রতিমাসে অন্ততঃ একবার ব্যবস্থাপনা কমিটির সভা অনুষ্ঠান করতে হবে।

৭. শেয়ার মূলধনঃ

অলোচ্য সমিতির অনুমোদিত শেয়ার মূলধনের পরিমান ৩০,০০,০০০/- (ত্রিশ লক্ষ) টাকা। প্রতি শেয়ারের মূল্য ১০০/- টাকা হারে উহা ৩০,০০০/- (ত্রিশ হাজার) অংশে বিভক্ত। পরিদর্শনকালীন তারিখ পর্যন্ত ৪১০০০/- টাকা শেয়ার বিক্রয় হয়েছে। আরো অধিক পরিমাণ শেয়ার বিক্রয় করার এবং সদস্য গণকে শেয়ার সার্টিফিকেট প্রদান করার জন্য পরামর্শ দেয়া হল।

৮. সঞ্চয় আমানতঃ

পরিদর্শনকালীন তারিখ পর্যন্ত সমিতির আদায়কৃত মাসিক সঞ্চয় আমানতের পরিমাণ ৪৭১০০০/- টাকা এবং দৈনিক সঞ্চয় আমানতের ৫৫০০০০/- টাকা। সদস্যগণকে আমানতের পাশ বই বিতরণ করার জন্য পরামর্শ দেয়া হল। সদস্যগণ হতে নিয়মিত সঞ্চয় আমানত আদায়পূর্বক সমিতির মূলধন বৃদ্ধি করতে এবং উক্ত টাকা পৃথক ভাবে বিনিয়োগ করতে ব্যবস্থাপনা কমিটিকে পরামর্শ দেয়া হল। সমবায় সমিতি বিধিমালা/২০০৪ এর ৬৭ বিধি মোতাবেক আদায়কৃত আমানতের উপর নির্দিষ্ট হারে তারল্য সংরক্ষন করতে হবে।

৯. হস্তে মজুদ তহবিল ঃ-

পরিদর্শন কালীন তারিখ পর্যন্ত সমিতির জমা-খরচ বহি লিখা না থাকায় হস্তে মজুত তহবিল নির্ণয় করা যায়নি। জমা খরচ বহি দৈনন্দিন লেনদেন শেষে হাল নাগাদ লিপিবদ্ধ করার এবং অধিক পরিমাণ টাকা হাতে না রেখে সমিতির নামে ব্যাংক হিসাব খুলে উক্ত টাকা জমা রাখতে পরামর্শ দেয়া হল।

৮. পরামর্শ সমূহঃ

৮.১ ক্যাশ বহিতে নিয়মিত লেনদেন লিপিবদ্ধ করতঃ সম্পাদকের স্বাক্ষর গ্রহণ করতে হবে।

৮.২ সদস্যগণকে শেয়ার সার্টিফিকেট ও আমানতকারীদের পাসবই বিতরণ করতে হবে।

৮.৩ সমিতির নামে ব্যাংক হিসাব খুলতে হবে এবং সমিতির যাবতীয় লেনদেন ব্যাংকের মাধ্যমে সম্পন্ন করতে হবে

৮.৪ অসদস্যদের নিকট কর্জ দাদন করা যাবে না।

৮.৫ মাসে অন্ততঃ ব্যবস্থাপনা কমিটির ০১টি মাসিক সভা করতে হবে।

৮.৬ পাওনা কর্জের টাকা আদায়ের ব্যবস্থা করতে হবে।

৮.৭ সদস্যদের আমানতের টাকা লাভজনক খাতে বিনিয়োগের মাধ্যমে সমিতিকে লাভজনক প্রতিষ্ঠানে গড়ে তুলতে হবে।

৮.৮ অডিট ফি ও সমবায় উন্নয়ন তহবিল সমবায় আইন বিধি মোতাবেক যথা সময়ে পরিশোধের পরামর্শ দেয়া গেল।

৮.৯ সমিতির খাতপত্র ও রেকর্ড পত্র সমবায় আইন ও বিধি মোতাবেক যথাযথভাবে সংরক্ষণের পরামর্শ দেয়া গেল।

(মোঃ আনোয়ার হোসেন)
উপজেলা সমবায় অফিসার
সুবর্ণচর, নোয়াখালী।

স্মারক নং-৪৭.৬১.৭৫৮৫.০০০.৩৪.০০২.১৭-২১১ তারিখঃ- ২৩/০৮/২০২১ খ্রি.।

অনুলিপি সদয় অবগতির ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ কর হলো।

১. জেলা সমবায় অফিসার, নোয়াখালী।
২. সভাপতি/সম্পাদক, রূপালী সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ
   গ্রাম/মোকাম- চর মজিদ ( ভূইয়ার হাট), ডাকঘরঃ- চরবাটা
   উপজেলাঃ সুবর্ণচর, জেলাঃ নোয়াখালী।
৩. অফিস কপি।

(মোঃ আনোয়ার হোসেন)
উপজেলা সমবায় অফিসার
সুবর্ণচর, নোয়াখালী